**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি**
**মহাখালী শাখা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান গার্ডেন এন্টারপ্রাইজ লিঃ, বাড়ী নং-৪৬৮, রোড নং-৩১, নীচ তলা, মহাখালী ডিওএইচএস, মহাখালী, থানা-বনানী, জেলা-ঢাকা এর চেয়ারম্যান (১) জনাব মোঃ সবুর খান, পিতা- মোঃ জাফর আহম্মেদ খান, মাতা- মমতাজ বেগম, ব্যবসায়িক ঠিকানা- বাড়ী নং-৪৬৮, রোড নং-৩১, নীচ তলা, মহাখালী ডিওএইচএস, মহাখালী, থানা-বনানী, জেলা-ঢাকা, বর্তমান ঠিকানা- বাড়ী নং-৪৬৮, রোড নং-৩১, নীচ তলা, মহাখালী ডিওএইচএস, মহাখালী, থানা-বনানী, জেলা-ঢাকা, স্থায়ী ঠিকানা- খান বাড়ী, গ্রাম-রালদিয়া, ১৪ নং রালদিয়া, ডাকঘর-আশিকাটি-৩৬০২, থানা-চাঁদপুর সদর, জেলা-চাঁদপুর। ব্যবস্থাপনা পরিচালক (২) জনাব আব্দুর রহমান মিলহাম, পিতা- বজলুর রশীদ, মাতা- মমতাজ সুলতানা, ব্যবসায়িক ঠিকানা- বাড়ী নং-৪৬৮, রোড নং-৩১, নীচ তলা, মহাখালী ডিওএইচএস, মহাখালী, থানা-বনানী, জেলা-ঢাকা, বর্তমান ঠিকানা- বাড়ী নং-৪৬৮, রোড নং-৩১, নীচ তলা, মহাখালী ডিওএইচএস, মহাখালী, থানা-বনানী, জেলা-ঢাকা, স্থায়ী ঠিকানা- বাড়ী-১ সি, রোড-০৭, সেক্টর-১১, উত্তরা, ডাকঘর-উত্তরা-১২৩০, থানা-উত্তরা, জেলা-ঢাকা, কর্তৃক ইউসিবি, মহাখালী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৫/০৮/২০২৪ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১৫১,৪৭৭,৫০৪.৭০ (পনের কোটি চৌদ্দ লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত চার টাকা সত্তর পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১। জেলা-ঢাকা, থানা-ক্যান্টনমেন্ট, সাব রেজিস্ট্রি অফিস-গুলশান, ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত। মৌজা-জোয়ারসাহারা, জে এল নং- সি এস-২৭১, এস এ-১১০, আর এস-০৬, ঢাকা সিটি জরিপ-০৩, খতিয়ান নং- সি এস-২৭৮, এস এ-৬৪৭, আর এস-১১, ঢাকা সিটি জরিপ-১৪১, দাগ নং-সি এস এবং এস এ-৬৬৮,৬৬৯ এবং ৬৭১, আর এস-৮২৮, ঢাকা সিটি জরিপ-৪৩৩০১, নামজারী খতিয়ান নং-৪৮৯১৫, নামজারী মোকদ্দমা নং-১০৪৬০/২০১৯-২০২০ তারিখ-০৪/০৬/২০২০, জোত নং-১০/২৫১, জমির পরিমান-০৯.৯০ (নয় দশমিক নয় শূন্য) শতাংশ। যাহার চৌহদ্দিঃ

উত্তরে- রাস্তা
দক্ষিনে- অনলাইন গ্রুপ
পূর্বে- অনলাইন গ্রুপ
পশ্চিমে- নিজ

২। জেলা-গাজীপুর, থানা-শ্রীপুর, সাব রেজিস্ট্রি অফিস-শ্রীপুর, গাজীপুর কালেক্টরীর তৌজিভুক্ত। মৌজা-গাজীপুর, জে এল নং- ০৩, খতিয়ান নং- এস এ-৯৩৩,৯০৭,৮৬৮,৯০২, আর এস-৮২৭,৬২৭,২৮৪,৬২৮, দাগ নং- এস এ-২১৩৮,২১৪৭,২১৫৬,২১৪৭/২৮০৯, আর এস-১৬৩৩,১৬৪৯,১৭৯২,১৬৪৬, নামজারী খতিয়ান নং-এস এ/আর এস-৯৩৩/৮২৭,৯০৭/৬২৭,৮৬৮/২৮৪,৯০২/৬২৮, জোত নং-৮২৯৬, জমির পরিমান-২৩২.০০ (দুই শত বত্রিশ) শতাংশ। যাহার চৌহদ্দিঃ

উত্তরে- আসাদুজ্জামান
দক্ষিনে- আমজাদ হোসেন গং
পূর্বে- লাজন আলী
পশ্চিমে- তাজনী আলী গং

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ১২/০৯/২০২৪ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মহাখালী শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মহাখালী শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ

করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, মহাখালী শাখা।**